

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-২০১ (কল্যাণ)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ

নং-৪৯.০০.০০০০.২০১.০২৫.০০.১৩-৪৭৫—বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ সরকার ২০১৪ সালের জন্য 'বৈদেশিক মুদ্রা প্রেরণকারী' ক্যাটাগরিতে নিম্নোক্ত ১০ (দশ) জনকে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) হিসাবে নির্বাচন করিয়াছে :

ক্র:নং	নাম, পিতা/স্বামী, মাতার নাম	বর্তমান ঠিকানা	বাংলাদেশের ঠিকানা
(১)	মোহাম্মদ মাহতাবুর রহমান পিতাঃ মরহুম কাজী আব্দুল হক মাতাঃ মরহুম রোকিয়া বেগম	Al Haramain Perfumes P.O. Box No-13754 Dubai, UAE.	কাজী ভবন, পুরবী আবাসিক এলাকা, ইসলামপুর, শাহপরাণ সিলেট।
(২)	মোহাম্মদ অলিউর রহমান পিতাঃ মরহুম কাজী আব্দুল হক মাতাঃ মরহুম রোকিয়া বেগম	Al Haramain Perfumes P.O. Box No-13754, Dubai, UAE.	কাজী ভবন, পুরবী আবাসিক এলাকা, ইসলামপুর, শাহপরাণ সিলেট।
(৩)	আবুল কালাম পিতাঃ আলী হোসেন মাতাঃ সাফেরা বেগম	Star Gold, P.O. Box- 92086 Al Nakeel Road, Deira, Dubai, UAE.	ধানুয়াখোলা, শরতনগর, কোতয়ালী, কুমিল্লা।
(৪)	মোহাম্মদ কামাল পাশা পিতাঃ হাজী আবদুল হক মাতব্বর মাতাঃ নাছিমা বেগম	Rashad Establishment, P.O. Box-1093. PC 112 Ruwi, Sultanate of Oman.	মহল কমপ্লেক্স, ষষ্ঠ তলা, ২৯১ রয়েল রোড, লালদিঘি ইস্ট, চট্টগ্রাম।

(১)

মূল্য : টাকা ৪০০০

ক্র:নং	নাম, পিতা/স্বামী, মাতার নাম	বর্তমান ঠিকানা	বাংলাদেশের ঠিকানা
(৫)	মোহাম্মদ ইদ্রিছ পিতাঃ হাজী আবুল হাসেম ফরাজী মাতাঃ হাজী উজলা বেগম	Via Vestricio Spurinna, 147 Roma, Italy.	ফরাজী ভিলা, হাউজ-৩১, ব্লক-এ, রোড-২, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।
(৬)	জাহাঙ্গীর মোহাম্মদ হোসেন পিতাঃ হাজী আবুল হাসেম ফরাজী মাতাঃ হাজী উজলা বেগম	Via Flavio Sabino 06, Roma, Italy.	ফরাজী ভিলা, হাউজ-৩১, ব্লক-এ, রোড-২, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।
(৭)	ওহিদ মোল্লা পিতাঃ নেছার উদ্দিন মোল্লা মাতাঃ হোসেনয়ারা বেগম	Via. Vicolungo, Montecalvario-28B 80132 Napoli, Italy.	গ্রাম-ভাসকান্দি, ডাক- সোলেনামা বাজিতপুর, থানা- শিবচর, জেলা-মাদারীপুর।
(৮)	মোহাম্মদ শাহজাহান মিয়া পিতাঃ আবদুল হক মাতাঃ নাছিমা বেগম	Rashad Establishment, Bldg. No-527, Flat:13,P.O. Box-1093, Wadi Al Kabir, Sultanate of Oman.	মহল কমপ্লেক্স, ষষ্ঠ তলা, ২৯১ রয়েল রোড, লালদিঘি ইস্ট, চট্টগ্রাম।
(৯)	মোছাম্মত সাজেদা নূর বেগম স্বামী : মোহাম্মদ শাহজাহান মিয়া মাতাঃ জোহরা বেগম	Rashad Establishment, Bldg. No-527, Flat:13,P.O. Box-1093, Wadi Al Kabir, Sultanate of Oman.	মহল কমপ্লেক্স, ষষ্ঠ তলা, ২৯১ রয়েল রোড, লালদিঘি ইস্ট, চট্টগ্রাম।
(১০)	মোহাম্মদ শফি উদ্দিন পিতাঃ মোহাম্মদ আবদুল মান্নান মাতাঃ হোসনে আরা বেগম	Building- 4, Flat-11, Road-501, Block-105, HIDD Town, Bahrain.	গ্রাম-কুনিরবিল, ডাক- তেকোঠা, থানা- আনোয়ারা, জেলা-চট্টগ্রাম।

০২। এ প্রজ্ঞাপনে উল্লিখিত বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ (অনাবাসি বাংলাদেশি) প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ০১ (এক) বছর পর্যন্ত নিম্ন বর্ণিত সুযোগ-সুবিধা ভোগ করিতে পারিবেন :

- (ক) তাঁহাদের অনুকূলে প্রদত্ত কার্ডের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।
- (খ) সরকার কর্তৃক নিয়োজিত সংশ্লিষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসাবে অর্ন্তভুক্ত হইবার ক্ষেত্রে যোগ্য মর্মে বিবেচিত হইবেন।
- (গ) দেশ ও বিদেশে উচ্চ পদস্থ কর্মকর্তাদের সংগে বৈঠকে অগ্রাধিকার পাইবেন।
- (ঘ) বিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, একুশে ফেব্রুয়ারি, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ইত্যাদি জাতীয় গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন।

- (ঙ) ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন।
- (চ) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার এবং স্পেশাল হ্যাণ্ডলিং এর সুবিধা পাইবেন।
- (ছ) স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালে কেবিন সুবিধাপ্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।
- (জ) বাংলাদেশে বিনিয়োগ করিলে বিদেশি বিনিয়োগকারীদের অনুরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন এবং তাহাদের বিনিয়োগ Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 (Act No. X1 of 1980) এর বিধান অনুসারে সংরক্ষণ করা হইবে।

৩। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) গণের অনুকূলে প্রদত্ত কার্ডের মেয়াদকাল সমাপ্তির পর অনধিক এক সপ্তাহের মধ্যে কার্ডটি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি অথবা সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে জমা করিতে হইবে এবং নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর উক্ত কার্ডের অনুকূলে প্রদত্ত সুবিধা কোনক্রমেই দাবী করা যাইবে না।

৪। যে কোন সময় অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) এর অনুকূলে প্রদত্ত সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোজাফফর আহমেদ

উপসচিব।